



বাংলাদেশ সরকার  
সমুদ্র পরিবহন অধিদপ্তর

১৪১-১৪৩ সক্তিবিদ্যাল বা/এ (৮ম তলা)  
ঢাকা-১০০০

তারিখ : ২৪/১১/২০০২ খ্রিঃ

দায়িত্বপত্র

কোম্পানী রোষ্টার পরিচালনার নিয়মাবলী

বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ) বিধিমালা, ২০০১ এর ১৫ নং ধারার ক্ষমতাবলে কোম্পানী রোষ্টার পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে হবে :

১। নিজস্ব কোম্পানী রোষ্টার পরিচালনার জন্যে আত্মসিদ্ধ জাহাজ কোম্পানী বা তাদের মনোনীত এজেন্টদের নিম্নে উল্লেখিত যে কোন একটি শর্ত পূরণ করতে হবে। সংশ্লিষ্ট জাহাজ কোম্পানী বা তাদের মনোনীত এজেন্ট কর্তৃক সকল শ্রেণীর নাবিকদের জন্য শিপিং অফিসে বা তাদের নিজস্ব অফিসে রোষ্টার পরিচালনার জন্য সরকারী শিপিং অফিসে আবেদন করতে হবে এবং শিপিং মাস্টার আবেদনকারীর যোগ্যতা যাচাই করে রোষ্টার পরিচালনার সম্মতি প্রদান করবেন।

যদি জাহাজ মালিক বা জাহাজ মালিকের মনোনীত এজেন্ট বা এজিনিবি, জাহাজ কোম্পানী অথবা কতিপয় জাহাজ কোম্পানীর গ্রুপকে তাদের জাহাজে সার্বজনিকভাবে ক্ষমতাপত্র ৫০ জন নাবিকের নিয়োগ দাড়া হতে হবে। অথবা

খ। একই সময়ে কমপক্ষে ৪টি জাহাজের জন্য নাবিক নিয়োগ করতে হবে।

২। কোন এজেন্ট এক বা একাধিক জাহাজ কোম্পানী কর্তৃক দায়িত্ব প্রাপ্ত হলে উক্ত এজেন্ট বা এ কোম্পানী বা কোম্পানীসমূহের সকল জাহাজের জন্য নিজস্ব রোষ্টার প্রণয়ন করতে পারবে এবং মনোনয়ন প্রদানকারী কোম্পানীর জাহাজসমূহের জন্য নাবিক নিয়োগ করতে পারবে। সেক্ষেত্রে দুটি পক্ষের (কোম্পানী ও এজেন্ট) মধ্যে চুক্তিগত সম্পাদন করতে হবে।

৩। কোম্পানী রোষ্টার পরিচালনাকারী সময়ে সময়ে হালনাগাদ তালিকা শিপিং অফিসে হেরণ করবে।

৪। সরকারী শিপিং অফিসে সাধারণ রোষ্টার এবং কোম্পানী রোষ্টার সংরক্ষণ করা হবে। আত্মসিদ্ধ কোম্পানী অথবা এজেন্ট প্রয়োজন অনুসারে সংশ্লিষ্ট রোষ্টার হতে নাবিক নিয়োগের জন্য শিপিং মাস্টারের নিকট আবেদনের পর শিপিং মাস্টার আবেদন মোতাবেক নাবিক সরবরাহ করার ব্যবস্থা করবেন। চাহিদা মোতাবেক নাবিক সংশ্লিষ্ট রোষ্টারে না থাকলে নাবিকদের চাকুরী সংস্থানের নাবিক নিয়োগকর্তা ও প্রযোজ্য ক্ষেত্রে রোষ্টার পরিচালনাকারীর সম্মতি গ্রহণ পূর্বক যে কোন রোষ্টার থেকে শিপিং মাস্টার নাবিক সরবরাহ করতে পারবেন।

৫। রোষ্টারের ব্যবহার সঠিকভাবে করা হচ্ছে কিনা, তা নিশ্চিত হয়ে শিপিং মাস্টার সাইন অন/সাইন অফ এর কার্যক্রম সম্পন্ন করবেন।

বিতরণ :

গোলাম রব্বানী

কম্পিউটার

মহাপরিচালক